**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ইনভেন্টরি কন্ট্রোল সেল
বাংলাদেশ রেলওয়ে
সিআরবি, চট্টগ্রাম-৪০০০।
ফোন: +৮৮(০৩১)-২৮৬৩১৩৮, ই-মেইল: dic@railway.gov.bd

নং ৫৪.০১.১৫০০.৪৬৭.৪১.০০১.২১-০৫

তারিখ: ২৭ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

**বিষয়: সরঞ্জাম বিভাগ কর্তৃক পরিচালিত বাংলাদেশ রেলওয়ের ওয়েব বেইজড অনলাইন ইনভেন্টরি ব্যবস্থাপনা সফটওয়্যার** Bangladesh Railway Support System (BRASS-I এবং BRASS-II) **এ সংশ্লিষ্ট দপ্তর/ ডিপো কর্তৃক প্রয়োজনীয় ডাটা এন্ট্রি নিশ্চিতকরণ এবং তা নিয়মিতভাবে হালনাগাদকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। সিসিএস/ পাহাড়তলীর স্মারক নং ৫৪.০১.১৫৪৩.৪৫২.০৭.০০১.২১-০১ তারিখ: ২৫ ফেব্রুয়ারি, ২০২১।
২। আরপিও নং ২৪৭/এ তারিখ: ১৯ আগস্ট, ২০২১।
৩। রেলপথ মন্ত্রণালয়ের স্মারক নং ৫৪.০০.০০০০.০৪১.১৮.১৭.২১ তারিখ: ১৯ সেপ্টেম্বর ২০২১
৪। ইনভেন্টরি কন্ট্রোল সেল এর স্মারক নং ৫৪.০১.১৫০০.৪৬৭.৪১.০০১.২১-৬৮ তারিখ: ০৭/১২/২০২১।

উপরিউক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ১নং স্মারকের মাধ্যমে নন-ডিজেল আইটেমের জন্য রিয়্যালটাইম অনলাইন ওয়েব বেইজড সফটওয়্যার Bangladesh Railway Automated Support System (BRASS-II) চালু করা হয়েছে। আরপিও নং ২৪৭/এ এর অনুচ্ছেদ-৫ অনুযায়ী ডিজেল এবং নন-ডিজেল সকল আইটেমের জন্য পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল) এর দপ্তর হতে কেন্দ্রীয়ভাবে ইনভেন্টরি ব্যবস্থাপনা সংক্রান্ত এসআর/রিকুইজিশন ভেটিং কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। সরঞ্জাম ব্যবস্থাপনায় বিরাজমান সমস্যা দূরীকরণ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির জন্য গত ২৩/০৮/২০২১ তারিখে রেলপথ মন্ত্রণালয়ে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে রেলভবনের ৮২৫ নং কক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ রেলওয়ের ইনভেন্টরি ব্যবস্থাপনায় অটোমেশন আনয়নের সিদ্ধান্ত প্রদান করেন। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে ডিজেল/ ননডিজেল সকল মজুদী দফার জন্য সরঞ্জাম বিভাগের অধীন সকল ডিপোর এসআর/ ডিটিআই/ ইস্যু/ রিসিট কার্যক্রম এবং সংশ্লিষ্ট ব্যবহারকারী বিভাগের স্টকিং আপডেটিং/রিভশন/ চাহিদাপত্র/মালামাল গ্রহণ কার্যক্রম ওয়েব বেইজড অনলাইন রিয়্যালটাইম অটোমেশন করে Bangladesh Railway Automated Support System (BRASS-I/ BRASS-II) উন্নয়ন করা হয়েছে এবং তা প্রয়োজন অনুযায়ী ক্রমাগতভাবে উন্নয়ন করে ইনভেন্টরি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম পর্যায়ক্রমে অটোমেশন সম্পন্ন করার কাজ চলমান রয়েছে।

২। উক্ত সফটওয়্যারে সংশ্লিষ্ট ব্যবহারকারীগণের রোল/অথরিটি নির্ধারণ করে নিবন্ধন করা হয়েছে এবং তা চলমান রয়েছে। বর্তমানে মজুদী ডিপো/ ইনভেন্টরি কন্ট্রোল সেল (আইসিসি) এর ডাটা এন্ট্রি করা হচ্ছে। উক্ত সিস্টেমের পরিপূর্ণ সুবিধা প্রাপ্তির জন্য ক্রয় দপ্তর এবং পরিদর্শন/শিপিং দপ্তরের ডাটা এন্ট্রি করা অপরিহার্য। তাই নিম্নরুপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল ক্রয়কারী দপ্তর (সিসিএস, সিওএস/পূর্ব ও সিওএস/পশ্চিম), পরিদর্শন/শিপিং দপ্তর (ডিসিওএস/পরিদর্শন/পাহাড়তলী, ডিসিওএস/পরিদর্শন/সৈয়দপুর, ডিসিওএস/শিপিং) এবং মজুদী ডিপো (ডিজেল/নন-ডিজেল) এর দপ্তর/ডিপো প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো:

| ক্রম | যে ডাটা এন্ট্রি করতে হবে | সংশ্লিষ্ট দপ্তর/ ডিপো | সিদ্ধান্ত/মন্তব্য | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | চুক্তিপত্র | ক্রয় দপ্তর:<br>সিসিএস/পাহাড়তলী। | (ক) সিসিএস/পাহাড়তলীর দপ্তরে ডিজেল যন্ত্রাংশের ক্রয় প্রক্রিয়াকরণ ও তথ্য ব্যবস্থাপনার জন্য PIMS চালু করা হয়েছে। এর সাথে BRASS-I এর সংযোগ স্থাপন করে চুক্তিপত্র জারীর সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা BRASS-I এ ডাটা এন্ট্রি/মাইগ্রেশন সম্পন্ন করতে হবে। | এসিসিএস<br>ডিসিওএস/পি-২। |
| | | | (খ) সিসিএস/পাহাড়তলীর দপ্তরে নন-ডিজেল যন্ত্রাংশের ক্রয় প্রক্রিয়াকরণ ও তথ্য ব্যবস্থাপনার জন্য PIMS চালু করা প্রক্রিয়াধীন রয়েছে। এই প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে এবং এর সাথে BRASS-II এর সংযোগ স্থাপন করে চুক্তিপত্র জারীর সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা BRASS-II এ ডাটা এন্ট্রি/মাইগ্রেশন সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া সম্পন্ন না হওয়া অবধি, চুক্তিপত্র জারীর সাথে সংশ্লিষ্ট ক্রয় শাখাকে BRASS-II তে চুক্তিপত্র পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে। | এসিসিএস<br>ডিসিওএস/পি-১। |
| | | ক্রয় দপ্তর:<br>১। সিওএস/পূর্ব<br>২। সিওএস/পশ্চিম। | (গ) সিওএস/পূর্ব এবং সিওএস/পশ্চিম দপ্তর হতে শুধুমাত্র নন-ডিজেল যন্ত্রাংশ ক্রয়/সংগ্রহ করা হয়ে থাকে। উভয় ক্রয় দপ্তরে ক্রয় প্রক্রিয়াকরণ ও তথ্য ব্যবস্থাপনার জন্য সিসিএস/ পাহাড়তলী দপ্তরের ন্যায় বা প্রয়োজন মোতাবেক PIMS চালু করা প্রয়োজন। সংশ্লিষ্ট সিওএসকে এ ব্যাপারে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এই প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে এর সাথে BRASS-II এর সংযোগ স্থাপন করে | সিওএস (পূর্ব),<br>সিওএস (পশ্চিম),<br>এসিওএস(সদর, পূর্ব),<br>এসিওএস(সদর, পশ্চিম)। |

| ক্রম | যে ডাটা এন্ট্রি করতে হবে | সংশ্লিষ্ট দপ্তর/ ডিপো | সিদ্ধান্ত/মন্তব্য | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | চুক্তিপত্র জারীর সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা BRASS-II এ ডাটা এন্ট্রি/মাইগ্রেশন সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া সম্পন্ন না হওয়া অবধি, চুক্তিপত্র জারীর সাথে সংশ্লিষ্ট ক্রয় শাখাকে BRASS-II তে চুক্তিপত্র পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে। | |
| ২। | আর নোট | পরিদর্শন/শিপিং দপ্তর:<br>১। ডিসিওএস (পরিদর্শন), পাহাড়তলী | (ক) ডিসিওএস (পরিদর্শন), পাহাড়তলীর দপ্তরে ডিজেল এবং নন-ডিজেল যন্ত্রাংশের পরিদর্শন প্রক্রিয়াকরণ ও আর. নোট জারী সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনার জন্য BRASS-I এবং BRASS-II তে Inspection Module (Gate Journal, Receipt Note, A. Memo, F. Memo, C. Memo, Rejection Memo) চালু করা প্রক্রিয়াধীন রয়েছে। এই প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে এবং এর সাথে BRASS-II এর সংযোগ স্থাপন করে আর. নোট জারীর সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা BRASS-II এ ডাটা এন্ট্রি/মাইগ্রেশন সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া সম্পন্ন না হওয়া অবধি, আর. নোট জারীর সাথে পরিদর্শন দপ্তরের সংশ্লিষ্ট ওয়ার্ডকে BRASS-I/ BRASS-II তে আর. নোট পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে। | ডিসিওএস/ পরিদর্শন, পাহাড়তলী<br>এসিওএস/পরিদর্শন, পাহাড়তলী। |
| | | ২। ডিসিওএস (পরিদর্শন), সৈয়দপুর | (খ) ডিসিওএস (পরিদর্শন), পাহাড়তলীর দপ্তরে শুধুমাত্র নন-ডিজেল যন্ত্রাংশের পরিদর্শন করা হয়ে থাকে। পরিদর্শন প্রক্রিয়াকরণ ও আর. নোট জারী সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনার জন্য BRASS-II তে Inspection Module (Gate Journal, Receipt Note, A. Memo, F. Memo, C. Memo, Rejection Memo) চালু করার জন্য ডিসিওএস, সৈয়দপুরকে অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে এর সাথে BRASS-II এর সংযোগ স্থাপন করে আর. নোট জারীর সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা BRASS-II এ ডাটা এন্ট্রি/মাইগ্রেশন সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া সম্পন্ন না হওয়া অবধি, আর. নোট জারীর সাথে ডিসিওএস (পরিদর্শন), সৈয়দপুর দপ্তরের সংশ্লিষ্ট ওয়ার্ডকে BRASS-II তে আর. নোট পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে। | ডিসিওএস/ পরিদর্শন, সৈয়দপুর,<br>এসিওএস/পরিদর্শন, সৈয়দপুর। |
| | | ৩। ডিসিওএস (শিপিং), পাহাড়তলী | (গ) ডিসিওএস (শিপিং), পাহাড়তলীর দপ্তরে ডিজেল এবং নন-ডিজেল যন্ত্রাংশের জন্য বন্দর হতে পণ্য খালাস, পরিদর্শন প্রক্রিয়াকরণ ও আর. নোট জারী সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনার জন্য পৃথক এপ্লিকেশন তৈরীপূর্বক চালু করা হয়েছে। এর সাথে BRASS-I এবং BRASS-II এর সংযোগ স্থাপন করে আর. নোট জারীর সাথে সাথে স্বয়ংক্রিয়ভাবে তা BRASS-I/ BRASS-II এ ডাটা এন্ট্রি/মাইগ্রেশন সম্পন্ন করতে হবে। এই প্রক্রিয়া সম্পন্ন না হওয়া অবধি, আর. নোট জারীর সাথে পরিদর্শন দপ্তরের সংশ্লিষ্ট ওয়ার্ডকে BRASS-I/ BRASS-II তে আর. নোট পোস্টিং প্রদান নিশ্চিত করতে হবে। | ডিসিওএস (শিপিং), পাহাড়তলী<br>সিনিয়র এসিওএস (শিপিং), পাহাড়তলী। |
| ৩। | বি.এল, সিডি, ভ্যাট, বন্দর মাশুল, লোকাল পরিবহন ব্যয়, বীমা প্রিমিয়াম, ব্যাংক কমিশন ইত্যাদি অ্যাড অন কস্ট এন্ট্রি ও এভারেজ ইস্যু প্রাইজ নির্ধারণ। | ডিসিওএস (শিপিং), পাহাড়তলী | (ক) এভারেজ ইস্যু প্রাইজ গণনা করার জন্য শিপিং দপ্তরকে আর. নোট জারীর পূর্বেই BRASS-I/ BRASS-II তে বি.এল, সিডি, ভ্যাট, বন্দর মাশুল, লোকাল পরিবহন ব্যয়, বীমা প্রিমিয়াম, ব্যাংক কমিশন ইত্যাদি অ্যাড অন কস্ট এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে। | ডিসিওএস (শিপিং),<br>সিনিয়র এসিওএস (শিপিং)<br>এসিওএস (শিপিং) |

| ক্রম | যে ডাটা এন্ট্রি করতে হবে | সংশ্লিষ্ট দপ্তর/ ডিপো | সিদ্ধান্ত/মন্তব্য | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৪। | ডিপো ট্রানজেকশন ডাটা এন্ট্রি এবং গ্রাউন্ড ব্যালেন্স ও কম্পিউটার ব্যালেন্স এর পার্থক্য দূরীকরণ | **সকল মজুদী ডিপো:**<br>১। ডিসিওএস (ডিপো), সৈয়দপুর<br>২। ডিসিওএস (ডিপো), পাহাড়তলী<br>৩। সিনিয়র এসিওএস (কেলোকা), পার্বতীপুর<br>৪। সিনিয়র এসিওএস (ডিজেল), পার্বতীপুর<br>৫। সিনিয়র এসিওএস (ডিজেল), ঢাকা<br>৬। সিনিয়র এসিওএস (ডিজেল), পাহাড়তলী।<br>৭। সিনিয়র এসিওএস (প্রিন্টিং), পাহাড়তলী। | (ক) মজুদী ডিপোতে সকল প্রকার ট্রানজেকশন (ইস্যু/রিসিভ) তাৎক্ষণিকভাবে/ অবিলম্বে এন্ট্রি প্রদান নিশ্চিত করতে হবে।<br>(খ) ডিপো কর্মকর্তা মজুদী প্রত্যেকটি দফার গ্রাউন্ড ব্যালেন্স ও কম্পিউটার ব্যালেন্স একই হওয়া নিশ্চিত করবেন।<br>(গ) ডিপো কর্মকর্তা মজুদী প্রত্যেকটি দফার গ্রাউন্ড ব্যালেন্স ও কম্পিউটার ব্যালেন্স একই হওয়া নিশ্চিত করার জন্য স্টোরস কোড অনুযায়ী বিভাগীয় মজুদ প্রতিপাদন এবং স্টক ভেরিফিকেশন ম্যানুয়াল অনুযায়ী হিসাব বিভাগীয় মজুদ প্রতিপাদনে কার্ড ব্যালেন্সের অতিরিক্ত হিসেবে কম্পিউটার ব্যালেন্স বিবেচনায় নিবেন। | ডিসিওএস (ডিপো), সৈয়দপুর<br>ডিসিওএস (ডিপো), পাহাড়তলী<br>সিনিয়র এসিওএস (কেলোকা), পার্বতীপুর<br>সিনিয়র এসিওএস (ডিজেল), পার্বতীপুর<br>সিনিয়র এসিওএস (ডিজেল), ঢাকা<br>সিনিয়র এসিওএস (ডিজেল), পাহাড়তলী।<br>সিনিয়র এসিওএস (প্রিন্টিং), পাহাড়তলী। |
| ৫। | স্টক রিকুপমেন্ট (এসআর)/ পারচেইজ ইন্ডেন্ট (পিআই) | ১। সকল মজুদী ডিপো<br>২। আইসিসি | (ক) BRASS-I/ BRASS-II এর মাধ্যমেই কেবল মাত্র এসআর প্রদান করতে হবে। ডিপো কর্মকর্তা কর্তৃক এসআর অনুমোদন করার সাথে সাথে তা আইসিসি-তে প্রদর্শিত হবে। জরুরী ক্ষেত্রে স্বাক্ষরিত এসআর ই-মেইলে প্রেরণ করা যাবে। তবে সকল ক্ষেত্রে ডিপো কর্মকর্তাকে প্রচলিত নিয়মেই স্বাক্ষরিত এসআর (এককপি) অবশ্যই আইসিসি-তে সরকারি নিবন্ধিত ডাকযোগে/ কুরিয়ারযোগে তা অবিলম্বে প্রেরণ করতে হবে।<br>(খ) স্বাক্ষরিত এসআর প্রাপ্তির পর আইসিসি কর্তৃক BRASS-I/ BRASS-II এর মাধ্যমেই কেবল মাত্র PI/SMI/MTI প্রদান করা হচ্ছে/হবে।<br>(গ) ২৫/০২/২০২১ তারিখে BRASS-II চালু হওয়ার পর সকল প্রকার এসআর ব্রাস এর মাধ্যমেই প্রদান করা বাধ্যতামুলক করা হয়েছে বিধায় উক্ত তারিখের পর হতে কেবলমাত্র BRASS-I/ BRASS-II এর মাধ্যমে প্রদত্ত ও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত PI/SMI/MTI বৈধ বলে গণ্য হবে। | সিসিএস<br>সিওএস(পূর্ব)<br>সিওএস(পশ্চিম) |

৩। এমতাবস্থায় অনুচ্ছেদ-২ এ বর্ণিত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে নিজ নিজ অধিক্ষেত্রের ডাটা এন্ট্রি নিশ্চিতকরণসহ উপরিউক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় দপ্তরাদেশ জারী করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এতে প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(প্রকৌ: মো: আনোয়ারুল ইসলাম)
পরিচালক (ইনভেন্টরি কন্ট্রোল)
ফোন: ০১৭১১-৬৯১৫৪৫।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদত্ত হলো।

১। এডিজি (আর এস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। সিসিএস, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী।
৩। এসিসিএস, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী।
৪। সিওএস(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম/রেলভবন, রাজশাহী।
৫। ডিসিওএস (ডিপো/পরিদর্শন/শিপিং/সার্বিক/ক্রয়-১/ক্রয়-২), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ রাজশাহী/ সৈয়দপুর।
৬। সিনিয়র এসিওএস (ডিজেল/কেলোকা/প্রিন্টিং), বাংলাদেশ রেলওয়ে, পার্বতীপুর/পাহাড়তলী/ঢাকা।
৭। দপ্তর কপি।